
## দুই বছর পরে নিউইয়র্কের সংস্কৃতি অঙ্গনে
# প্রাণ ফিরিয়ে আনল বিপার বর্ষবরণ

**বাঙালী প্রতিবেদনঃ** দীর্ঘ দুই বছর পর আমেরিকার শিল্প, সংস্কৃতি ও বাংলা শেখার বিখ্যাত স্কুল বাংলাদেশ ইন্সটিটিউট অব পারফর্মিং আর্টস বিপা তাদের ঐতিহ্যবাহী বাংলা বর্ষবরণ অনুষ্ঠানের আয়োজন করলো গত শনিবার। মূলধারার মঞ্চ জ্যামাইকা পারফর্মিং আর্ট সেন্টার দুপুর থেকেই বিপার প্রায় ১২৫ জন শিশু-কিশোর-কিশোরীর হাসি আনন্দে মুখর হয়ে ওঠে। ঠিক সাড়ে ছটায় মঞ্চের সামনে এসে উপস্থাপক সাবিনা শারমিন এবং শাইয়ান শারমিন উদ্বোধনী ঘোষণা দেয়ার সাথে সাথে খুলে যায় ভেলভেটের পর্দা। মঞ্চের মাঝখানে পশ্চাদপট ঘেঁষে সঙ্গীত শিক্ষক নিলোফার জাহান হারমোনিয়ামের রিডে আঙুল খেলাচ্ছেন আর দুই দিকে সাদা শাড়ি পরে শেষাংশ ১৪ পাতায়



## উইকিপিডিয়ায় পাতা থেকে
## পলবাশা সিদ্দিক



**বাঙালী প্রতিবেদনঃ** উইকিপিডিয়ার পাতায় লেখা হয়েছে, পলবাশা সিদ্দিক বাংলাদেশী বংশোদ্ভূত আমেরিকান গায়িকা রবীন্দ্রনাথের গীতাঞ্জলি থেকে নিয়ে 'প্রাণ' নামের শেষাংশ ৪৪ পাতায়

## ভুল সবই ভুল
### ডা. সজল আশফাক
## গরুর মাংস কি অস্বাস্থ্যকর খাদ্য?



রেড মিট বা লাল মাংসের ক্ষতিকর দিক সম্পর্কে শুনতে শুনতে, অনেকেরই মনে হতে পারে লাল মাংস তথা গরু-খাসির মাংসের বুঝি কোন ভাল গুণই নেই। আসলে রেডমিট সম্পর্কে সর্তকবাণীর প্রায় শেষাংশ ২৭ পাতায়

## সাবওয়েতে গত ৪ মাসে ২৭ জনের আত্মহত্যা

**বাঙালী প্রতিবেদনঃ** মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি বা এমটিএ এ সপ্তাহে জানালো ২০২২ সালের প্রথম ৪ মাসে সাবওয়ে স্টেশনে ও ট্রেনে ২৭ জন আত্মহত্যার চেষ্টা করতে গিয়ে হয় ধরা পড়েছে, নয়ত মারা গেছে। ২০২১ সালে একই সময় আত্মহত্যার চেষ্টা করেছিল ১৮ জন। এ বছর ২৭ জনের মধ্যে ১১ জন মারা গেছে। এইসব আত্মহত্যা রোধ করার জন্য এমটিএ গত বছর একটি টাস্ক ফোর্স গঠন করে। উল্লেখ্য নিউইয়র্ক ইউনিভার্সিটির শেষাংশ ৪৪ পাতায়



### ন্যাসাউ কাউন্টির এশিয়ান
## এক্সিলেন্স এওয়ার্ড পেলেন রাহাত হোসেন

**বাঙালী প্রতিবেদনঃ** আমেরিকায় বাংলাদেশ কম্যুনিটির গর্ব রাহাত হোসেন ও জাকি হোসেন দম্পতি। তাদের নানা সুকীর্তির কথা অনেকেই জানে না। নিউইয়র্কে এবং বাংলাদেশে কোনো জানাজানি না করেই শেষাংশ ১৬ পাতায়

### ফারুক ফয়সলের বিশেষ ধারাবাহিক-৩
## কুড়িবাইশে এসে বাংলাদেশ



পলাশ রঞ্জন ভৌমিক, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট। দৈনিক প্রথম আলোর (ট্রান্সকম ইন্টারন্যাশনাল) জেনারেল ম্যানেজার (ফাইন্যান্স)। তাঁর সাথে আমার পরিচয় ও সম্পর্ক পারিবারিক পর্যায়ে বিস্তৃত। আমার পরিবারের সকলেই তাঁকে খুব পছন্দ করে। আমি তাঁকে ভীষণ স্নেহ করি ও ভালোবাসি। সেটি মানুষ হিসাবে তাঁর অবস্থানের কারণে। আদর্শ স্থানীয় মধ্যবিত্ত বাঙালির প্রতিভূ। তাঁকে কথা দেয়া ছিল এবার বাংলাদেশে গিয়ে তাঁদের আতিথ্য নেব। প্রতিশ্রুতি পালন এবং শেষাংশ ১৭ পাতায়

## নিউইয়র্কে স্মরণসভায় গাফফার চৌধুরীর প্রতি গভীর শ্রদ্ধাঞ্জলি

**ইউএসএনিউজঃ** অমর একুশের গানের রচয়িতা, প্রবীণ সাংবাদিক, কলামিস্ট আব্দুল গাফফার চৌধুরীর প্রয়াণে নিউইয়র্কে এক স্মরণসভার আয়োজন করে স্কলারস বাংলাদেশ। জ্যাকসন হাইটসের জুইস সেন্টারে ২৮ মে শনিবার এই নাগরিক স্মরণসভার আয়োজন করা হয়। প্রবীণ সাংবাদিক সৈয়দ মোহাম্মদউল্লাহর সভাপতিত্বে এবং স্কলারস বাংলাদেশের প্রধান এম ই চৌধুরী শামীমের শেষাংশ ১২ পাতায়

### রিডিস্ট্রিক্টিং ম্যাপের কারণে বাংলাদেশী ডিস্ট্রিক্টও বিভক্ত
# নির্বাচনে নিউইয়র্কে সুবিধা পাবে রিপাবলিকানরা

**বাঙালী প্রতিবেদনঃ** নিউইয়র্ক স্টেটে নির্বাচনী আসনের ম্যাপ নতুন সীমানা নিয়ে আঁকা হওয়ার পর এখন আলোচনা তুঙ্গে। পক্ষে বিপক্ষে চলছে অঙ্গুলি নির্দেশনা। ফলে ২৮ জুন যে প্রাইমারি অনুষ্ঠিত হবে, তাতে যেসব পদে পূর্ব ঘোষণা অনুযায়ী নির্বাচন হওয়ার কথা, তা হচ্ছে না। স্টেট সিনেটর ও কংগ্রেশনাল পদে নির্বাচন হবে ২৩ আগস্ট। আর গভর্নর, লিউটেনান্ট গভর্নর এবং স্টেট এসেম্বলির প্রাইমারি হবে পূর্ব নির্ধারিত তারিখ ২৮ জুন। এই রিডিস্ট্রিক্টিং বাংলাদেশী প্রার্থী এবং ভোটারদের ওপরও ছায়া ফেলবে। উল্লেখ্য একটি ইনডিপেনডেন্ট রিডিস্ট্রিক্টিং কমিটি এই ডিস্ট্রিক্ট ম্যাপ নতুন করে এঁকেছে। ২০১৪ সালে তৎকালীন গভর্নর এ্যান্ড্রু কোমোর পরিকল্পনা অনুযায়ী ভোটে তোলা হয় এই রিডিস্ট্রিক্টিংএর সিদ্ধান্ত। কিন্তু নিউইয়র্ক স্টেট এসেম্বলি ও সিনেট তা নাকচ করে দেয়। ফলে স্টেট এসেম্বলি ও সিনেট নিজের মত করে ম্যাপ আঁকে। ইতিহাস অনুযায়ী ১৯৮৪ সাল থেকে সকল ডেমোক্রেটিক প্রেসিডেন্ট প্রার্থী পপুলার ভোটে নিউইয়র্কে জয় পেয়েছেন। এর আগে রিপাবলিকানরা জেরিম্যান্ডারিংএর মাধ্যমে তাদের ভোটিং সুবিধা আদায়ের লক্ষ্যে ডিস্ট্রিক্টের ম্যাপ এঁকেছিল। ফলে তারা দীর্ঘদিন নিউইয়র্ক স্টেটের এসেম্বলি ও সিনেটে নিয়ন্ত্রণ বজায় রাখতে পেরেছিল। ডেমোক্রেটদের আঁকা নতুন ডিস্ট্রিক্টিং ম্যাপকে রিপাবলিকানরা শেষাংশ ১৮ পাতায়

## নিউইয়র্কে প্রেসিডেন্ট জিয়ার শাহাদাত বার্ষিকী পালন

**নিউইয়র্কঃ** ইন্টারস্টেট বিএনপি ইউএসএ বাংলাদেশ জাতীয়তাবাদী দলের প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪১তম শাহাদাত বার্ষিকীতে দোয়া ও তবারক বিতরণ অনুষ্ঠানের আয়োজন করে জ্যামাইকার হিলসাইড এভিনিউতে গত ৩০ মে। অনুষ্ঠানে পাঁচ শতাধিক শেষাংশ ২১ পাতায়




বদরুল হোসেন খান, মইনুল ইসলাম, মাসুদুল হক ছানু ও সাইকুল ইসলাম।

### ৫ কেন্দ্রে ভোট ৫ জুন ॥ ভোটার ১১,০৯২
## বদরুল-মইনুল ও ছানু-সাইকুল মুখোমুখি

**নিউইয়র্ক (ইউএনএ)ঃ** জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকের কার্যকরী কমিটি ২০২২-২০২৪-এর দ্বিবার্ষিক নির্বাচনে ভোট গ্রহণ ৫ জুন রবিবার। নিউইয়র্ক, নিউজার্সী, কানেকটিকাট ও পেনসিলভানিয়ার ৫টি কেন্দ্রে এ দিন ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। প্রায় ১১ হাজারের মতো ভোটার এই নির্বাচনে ভোট দেবেন বলে জানা গেছে। এদিকে জালালাবাদ এসোসিয়েশনের সাবেক সভাপতি বদরুল হোসেন খান ও বর্তমান কোষাধ্যক্ষ মইনুল ইসলামের নেতৃত্বে বদরুল-মইনুল প্যানেল নির্বাচনে প্রতিদ্বন্দিতা করছেন। অপরদিকে বিয়ানীবাজার সমিতি ইউএসএর সাবেক সভাপতি মাসুদুল হক ছানু সভাপতি পদে শেষাংশ ২৭ পাতায়

### ওয়াশিংটন ডিসিতে চলছে বাংলাদেশের শাড়ি নিয়ে
## মনিকা জাহানের পাবলিক আর্ট প্রদর্শনী

**বাঙালী প্রতিবেদনঃ** বাংলাদেশী বংশোদ্ভূত বিশ্বখ্যাত ইন্সটলেশন আর্টিস্ট মনিকা জাহান বোসের ২৪টি শাড়ি নিয়ে নতুন প্রদর্শনী শুরু হয়েছে ওয়াশিংটন ডিসির লাইন ডিসি ফ্যাসাডের গ্রান্ড কলামে এবং ইউনিটি পার্কে। সাসটেইন নামক এই পাবলিক আর্ট প্রদর্শনীর মধ্য দিয়েই মনিকা জাহান বোস পৃথিবী জুড়ে জলবায়ু পরিবর্তন বিষয়ক সচেতনতা তৈরির লক্ষ্যে বাংলাদেশের হাতে বোনা সুতি শাড়ি নিয়ে ইন্সটলেশনের দশ বছর পূর্তি পালন করছেন। প্রদর্শনী শুরু হয়েছেগতকাল শুক্রবার। চলবে শেষাংশ ১৮ পাতায়





## এবছর এনআরবি এওয়ার্ড পেলেন ৭১ জন

**বিশেষ প্রতিবেদনঃ** শোটাইম মিউজিক গত ১২ বছর ধরে এনআরবি এওয়ার্ড অনুষ্ঠানের আয়োজন করে আসছে নিউইয়র্কে। আমেরিকায়, প্রধানত নিউইয়র্কে বাসরত নন রেসিডেন্ট বাংলাদেশীদের বিভিন্ন ক্ষেত্রে অবদানের জন্য শেষাংশ ৩৪ পাতায়

### ওয়ার্কশপ ১১ ও ১৪ জুন
## কুইন্সে আসছে ৫,৪০০ নতুন কাজের সুযোগ

**বাঙালী প্রতিবেদনঃ** এস্টোরিয়ায় স্টাইনওয়ে স্ট্রিটের দক্ষিণের কর্ণারে পড়ো জমি, পার্কিং লট, অল্প ব্যবহৃত কমার্শিয়াল ও ইন্ডাস্ট্রিয়াল বিল্ডিংএর জায়গায় নির্মিত হতে যাচ্ছে একটি ছোট্ট শহর। এখানে থাকবে ৭২৫টি স্থায়ী এ্যাফোর্ডেবল এবং শেষাংশ ৪৪ পাতায়

## এনওয়াইপিডিতে আরো বাংলাদেশির পদোন্নতি

**নিউইয়র্কঃ** গত ২৭ মে পুলিশ কর্মকর্তা সৈয়দ আলী এবং পুলিশ কর্মকর্তা সুরঞ্জিতকে ডিটেক্টিভ তৃতীয় গ্রেডে পদোন্নতি দেওয়া হয়েছে, তাছাড়া অ্যাসোসিয়েট ট্রাফিক এনফোর্সমেন্ট এজেন্ট লেভেল ১ (ট্রাফিক সুপারভাইজার) পদে শেষাংশ ৩৪ পাতায়




### আবু জাফর মাহমুদ ঃ সিলেটে বন্যার্তদের পাশে দাঁড়ান
## বছরের প্রথম পথমেলা হয়ে গেল জ্যামাইকায়

**বিশেষ প্রতিবেদনঃ** এই মেলায় আজ আমরা আনন্দ করতে এসেছি। কিন্তু আমার কাছে আজকের এই মেলা আমাদের ভালোবাসা জানানোর একটি প্রেক্ষাপট। বড় দুঃখ ভারাক্রান্ত হৃদয়ে আজ আমি এখানে এসেছি। বাংলাদেশের সিলেট অঞ্চল আজ বন্যায় প্লাবিত। হাজার হাজার মানুষ শেষাংশ ২২ পাতায়














শিল্পী মনিকা জাহান বোস।



বাংলাদেশের শাড়ি মোড়াচ্ছেন একজন কর্মী।



ভবন ফ্যাসাডের পিলারে মোড়ানো বাংলাদেশের শাড়ি।

# মনিকা জাহানের পাবলিক আর্ট প্রদর্শনী

*শেষের পাতার পর*

৯ জুন বৃহস্পতিবার পর্যন্ত। যেহেতু এই শাড়ি প্রদর্শনী হচ্ছে উন্মুক্ত প্রাঙ্গনে তাই তা সকলের জন্য খোলা থাকবে ২৪ ঘন্টাই। বুধবার মনিকা জাহান বোস এই খবর দিয়ে সাপ্তাহিক বাঙালীকে জানালেন, তার নিজ এলাকা বরিশালের প্রত্যন্ত গ্রামের শিল্পীদের দিয়ে তিনি ২৪টি শাড়ি বানিয়ে এনেছেন। এই শাড়িগুলি লাইন ডিসি ফ্যাসাডের ৬টি পিলারে মুড়িয়ে দেয়া হয়েছে। একটি শাড়িতে বাংলায় লেখা হয়েছে, আমি পাতা, আমি ডাল, আমি শিকড়। এছাড়াও অন্য শাড়িতে জলবায়ু পরিবর্তনের বিপর্যয় ও ভয়াবহতা বিষয়ে সতর্কতামূলক কথা লেখা রয়েছে। গ্রান্ড কলামে মোড়া ৬টি শাড়িই ময়ূরকণ্ঠি রঙের। অর্থাৎ আকাশ বা সমুদ্রের মত নীলাভ। এর আগে মনিকা জাহানের জলবায়ু পরিবর্তনের প্রতিক্রিয়া নিয়ে আয়োজিত শাড়ি নিয়ে পাবলিক আর্ট প্রদর্শনী নিউইয়র্কের ব্রুকলীনে এবং সানিসাইডে ব্যাপক আলোড়ন তোলে। ওয়াশিংটন ডিসিতে হয়েছে একাধিক প্রদর্শনী। প্রদর্শনী হয়েছে প্যারিসে এবং বিভিন্ন দেশের সমুদ্র সৈকতে। ক্লাইমেট চেঞ্জ নিয়ে আয়োজিত শাড়ির ইন্সটলেশন পাবলিক আর্ট প্রদর্শনীতে আরো থাকবে কবিতা পাঠ, স্টোরি টেলিং, চলচ্চিত্র প্রদর্শনী, হাঁটাহাঁটি এবং হালকা মিউজিক। পুরো প্রদর্শনী লাইভ স্ট্রিমিংএর মাধ্যমে সম্প্রচার করা হবে।

সাসটেইন পাবলিক আর্ট এক্সপিরিয়েন্স নামের এই প্রদর্শনীটি আয়োজিত হচ্ছে ওয়াশিংটন ডিসির কমিশন অন দ্য আর্টস এন্ড হিউম্যানিটিজ, পাবলিক আর্ট বিল্ডিং কম্যুনিটিজ গ্রান্ট প্রোগ্রাম ও মূলধারার অন্য কয়েকটি প্রতিষ্ঠানের অর্থ সহায়তায়।

পুরো প্রদর্শনীর কিউরেটর স্যারাহ ট্যানগে। বিস্তারিত জানতে মনিকা জাহান বোসের এই প্রজেক্টের ওয়েবসাইট stroytellingwithsaris.com/events ভিজিট করতে পারেন।

# নির্বাচনে নিউইয়র্কে সুবিধা পাবে রিপাবলিকানরা

*শেষের পাতার পর*

আদালতে চ্যালেঞ্জ করলে আদালত তাদের পক্ষে রায় দেয় এবং ম্যাপ পুনরাংকন করার জন্য স্পেশাল মাস্টার নিয়োগ দেয়। তিনি হলেন কার্নেগি মেলোন ইউনিভার্সিটির পলিটিক্যাল সাইন্সের প্রফেসর। তিনি ইলেক্টোরাল ডিস্ট্রিক্টিংএর ম্যাপ বিষয়ে একজন বিশেষজ্ঞ। সাধারণত ইলেক্টোরাল ডিস্ট্রিক্টিং ম্যাপকে এমনভাবে আঁকা হয়, যাতে একই এথনিক গ্রুপ যাদের সোশিও-ইকোনমিক ব্যাকগ্রাউন্ড একই লেভেলের তারা যেন একটি ডিস্ট্রিক্টে অন্তর্ভুক্ত থাকে। কিন্তু এখন রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে ম্যাপ আঁকা হচ্ছে। যদিও স্বাধীন কমিটি বলা হচ্ছে, কিন্তু তারা কোনো একটি রাজনৈতিক দল যাতে নির্বাচনে সুবিধা করতে না পারে সেভাবে ম্যাপ এঁকেছে। ফলে নতুন এথনিক কম্যুনিটি যাদের ভোটের ওপর সেই কম্যুনিটির প্রতিনিধিত্বকারী প্রার্থী বিজয়ী হওয়ার জন্য দীর্ঘদিন প্রতীক্ষায় থাকে তাদের স্বপ্ন ভেঙে চুরমার হয়ে গেছে অনেক ক্ষেত্রে। যেমন যেসব এলাকায় বাংলাদেশী ভোটারদের বসবাস বেশি, সেইসব ডিস্ট্রিক্টকে কয়েকটি ডিস্ট্রিক্টে বন্টন করা হয়েছে। বাংলাদেশী ভোটার অধ্যুষিত ব্রুকলীনের কেনসিংটন (চার্চ-ম্যাকডোনাল্ড নামে পরিচিত) এবং কুইন্সের জ্যামাইকা এবং জ্যাকসন হাইটস। যেমন আগের কংগ্রেশনাল ডিস্ট্রিক্ট ১৪। ব্রংক্সের পার্কচেস্টার এবং কুইন্সের জ্যাকসন হাইটস ও উডসাইড নিয়ে গঠিত এই ডিস্ট্রিক্টের বর্তমান কংগ্রেস সদস্য আলেকজান্দ্রিয়া ওকাসিও কর্টেজ। নতুন কংগ্রেশনাল ডিস্ট্রিক্ট ম্যাপ অনুযায়ী পার্কচেস্টার ডিস্ট্রিক্ট ১৪'র অন্তর্ভুক্ত থাকলেও জ্যাকসন হাইটস এবং উডসাইড পড়েছে নতুন ডিস্ট্রিক্ট ৬এ। এই ডিস্ট্রিক্টের কংগ্রেস সদস্য গ্রেস মেং। এইভাবে বিভিন্ন ডিস্ট্রিক্টের ম্যাপ নতুনভাবে আঁকায় অনেক বাংলাদেশী ভোটার হয়তো প্রাইমারিতে ব্যালটে অন্য প্রার্থীর নাম দেখে চমকে উঠতে পারেন। অবশ্য প্রাইমারি ২৮ জুনে হোক আর ২৩ আগস্ট হোক যারা যে এলাকায় বাস করেন তাদের নিজের এলাকার কংগ্রেসসদস্যসহ অন্যান্য প্রতিনিধি একই থাকবেন ৩১ ডিসেম্বর ২০২২ বা জানুয়ারিতে শপথ গ্রহণের আগে পর্যন্ত। শপথ গ্রহণের পর নতুন মুখ আসবে।

ব্রুকলীনে কংগ্রেশনাল ডিস্ট্রিক্ট ১১ থেকে সানসেট পার্ককে বাদ দিয়ে স্ট্যাটেন আইল্যান্ড ও ব্রুকলীনের একাংশে সংযুক্ত করা হয়। কংগ্রেশনাল ডিস্ট্রিক্ট ১০ কে ব্রুকলীনের পার্ক স্লোপ, সানসেট পার্কসহ লোয়ার ম্যানহ্যাটান পর্যন্ত আঁকা হয়। এই ডিস্ট্রিক্টে এখন সাবেক মেয়র বিল ডি ব্লাজিওসহ অন্যরা প্রার্থিতা দিয়েছেন। অপরপক্ষে ম্যানহ্যাটানের কংগ্রেশনাল ডিস্ট্রিক্টকে তিনটি ডিস্ট্রিক্টে ভাগ করা হয়। এগুলো হলো আপার ম্যানহ্যাটান, লোয়ার ম্যানহ্যাটান এবং সেন্ট্রাল। সেন্ট্রালের মধ্যে পড়েছে আপার ওয়েস্ট, আপার ইস্ট এবং মিডটাউন। এই ম্যাপের কারণে দুই ডিস্ট্রিক্টের দীর্ঘদিনের দুই ডেমোক্রেটিক কংগ্রেসসদস্য জেরল্ড নেডলার ও ক্যারোলিন মেলোনিকে ২৩ আগস্টের প্রাইমারিতে মুখোমুখি হতে হবে।

অনেকেই আশংকা করছেন নিউইয়র্ক স্টেটের কংগ্রেশনাল ডিস্ট্রিক্ট ম্যাপ নতুন করে আঁকার কারণে ডেমোক্রেটরা কয়েকটি আসন হারাতে পারে। কারণ এই রিডিস্ট্রিক্টিং ম্যাপ রিপাবলিকানদের পক্ষে যাবে।

# ক্লাসে ছাত্র-ছাত্রীর সংখ্যা সর্বাধিক ২৫

*প্রথম পাতার পর*

স্টেট সিনেটে পাশ হওয়া অন্য একটি বিলে মেয়র এডামসকে আগামী ২ বছরের জন্য নিউইয়র্ক সিটির স্কুল বিষয়ে সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা দেয়া হয়।

বৃহস্পতিবার সিনেটে এবং শুক্রবার সকালে এসেম্বলিতে পাশ হওয়া উক্ত বিলে বলা হয়, কিন্ডারগার্টেন থেকে থার্ড গ্রেড পর্যন্ত ক্লাসে সর্বাধিক ২০ জন, ফোর্থ থেকে এইটথ গ্রেড পর্যন্ত প্রতিটি ক্লাসে সর্বাধিক ২৩ জন আর নাইনথ থেকে টুয়েলফথ অর্থাৎ হাইস্কুলের প্রতিটি ক্লাসে সর্বাধিক ২৫ জন ছাত্রছাত্রী বসবে।

এই বিলের রূপকার সিনেটে নিউইয়র্ক সিটি এডুকেশন কমিটির চেয়ারম্যান জন সি. ল্যু বলেন, আমেরিকার ন্যাশনাল স্ট্যান্ডার্ড অনুযায়ী ক্লাস সাইজ ছোট হওয়া জরুরী। নিউইয়র্ক সিটির স্কুলে ছাত্রছাত্রীর সংখ্যা বেশি। তা সত্ত্বেও শিক্ষার মান বজায় রাখার জন্য প্রতিটি ক্লাসে কম শিক্ষার্থী থাকা আবশ্যিক।

গবেষণা প্রতিবেদন অনুযায়ী ক্লাসে কম সংখ্যক শিক্ষার্থী থাকলে তারা দ্রুত শিখতে পারে। কারণ তখন প্রতিটি শিক্ষার্থীর প্রতি মনোযোগ দিতে পারেন শিক্ষকবৃন্দ। তাছাড়াও শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে ইন্টারএ্যাকশন সুচারু হয়।

সিনেটে ৫৪-৪ ভোটে পাশ হওয়া এই বিলের বিষয়বস্তু বাস্তবায়নে ১ বিলিয়নেরও বেশি ডলার প্রয়োজন বলে জানান সিনেটর জন সি. ল্যু। তিনি বলেন, নিউইয়র্ক সিটির স্কুলের শিক্ষার্থীদের শিক্ষার মান বৃদ্ধিতে এর বিকল্প নেই।

ইউনাইটেড ফেডারেশন অব টিচার্স এর তথ্য অনুযায়ী, ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা কমালে স্টাফরাও লাভবান হবেন। প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রতি বছর প্রায় ৫,০০০ শিক্ষক চাকরি থেকে ইস্তফা দেন কেবলমাত্র ক্লাসের ছাত্রছাত্রীর সংখ্যা বেশি হওয়ার কারণে। বেশি শিক্ষার্থীকে নিয়ন্ত্রণ করা শিক্ষকের জন্য দুঃসাধ্য হয়ে ওঠে অনেক সময়।

Published in New York City in print and online, June 4, 2022

www.weeklybangalee.com
সাপ্তাহিক WEEKLY BANGALEE
বাঙালী
প্রকাশনার ৩২ বছরে
MOST WIDELY READ WEEKLY NEWSPAPER IN BANGLA
VOL 32 ▫ ISSUE 1603 ▫ SATURDAY 04 JUNE 2022 ▫ ২১ জৈষ্ঠ্য ১৪২৯ ▫ ০৫ জিলকদ ১৪৪৩ ▫ FREE